জীবননগরে শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী পালিত

জীবননগরে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন পালিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলামের সভাপতিত্বে এ সময প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলার সহকারী কমিশনার ভুমি মোঃ মহিউদ্দিন,উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে নতুন করে আরও ৭৫ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে আরও ৭৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৪ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩১ জন, গাংনীতে ৩৯ জন, মুজিবনগর ০৫ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩১১ টি। তারমধ্যে ৭৫ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৫১ জন। তার মধ্যে সদরে ১৮০ জন, গাংনীতে ২৭৭ জন এবং মুজিবনগরে ৯৪ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫০ জন । মৃতদের মধ্যে সদরে ৬৭ জন, গাংনী ৫০ জন ও মুজিবনগরে ৩৩ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

কোটচাঁদপুরে বিএনপি’র করোনা হেল্প সেন্টারের উদ্বোধন

মহামারি করোনায় আক্রান্ত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সাবেক প্রধানমন্ত্রী বেগম খোলেদা জিয়ার অনুপ্রেরণা এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশ ও সহযোগিতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা হেল্প সেন্টারের উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে স্থানীয় মেইন বাসষ্টান্ড উপজেলা বিএনপির কার্যালয়ে কার্যক্রমের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল। এসময় তিনি বলেন, বর্তমান পরিস্থিতিতে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের সুচিকিৎসা এবং স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে এই করোনা হেল্প সেন্টারের ব্যবস্থা করা হয়েছে। এসময় তিনি সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে সাধারণ মানুষের পাশে থাকার জন্য দলের সকল নেতা-কর্মীদের অনুরোধ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, পৌর বিএনপি’র সভাপতি সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির আহ্বয়ক কমিটির সদস্য আবুবকর বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এছাড়া উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, সাবেক উপজেলা বিএনপি’র দপ্তর

সম্পাদক শহিদুল ইসলাম, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফ আলী, উপজেলা যুবদল নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, প্রমূখ। অনুষ্ঠানে উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।
হেল্প সেন্টারে হট লাইনের মাধ্যমে সকাল ১০টা থেকে বিকাল পর্যন্ত স্থানীয় কার্যালয়ে সেবা প্রদান ও কোভিড-১৯ টিকার রেজিষ্ট্রেশন করা হবে।

দামুড়হুদা উপজেলায় শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২ তম জন্মবার্ষিকী পালন

স্বাধীনতার মহান স্থাপিত হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা
জ্যেষ্ঠপুত্র বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী ছিলো ৫ আগষ্ট । ১৯৪৯ সালের এই দিনে গোপালগঞ্জে টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি।এ উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে পুষ্পস্তবক অর্পণ,দোয়া ও আলোচনা সভার অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু।
সরকার ঘোষিত শহীদ শেখ কামালের জন্মবার্ষিকী উদযাপনে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে সকাল ৭◌ঃ৩০ ঘটিকায় বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা পরিষদ,উপজেলা প্রশাসন,বীর মুক্তিযোদ্ধা,রাজনৈতিক ও দামুড়হুদা প্রেসক্লাবের নেতৃবৃন্দ।

শ্রদ্ধাজ্ঞাপন করে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানান

শৈশব থেকে ফুটবল, ক্রিকেট, হকি,বাস্কেটবল সহ বিভিন্ন খেলাধুলায় ছিলো প্রচন্ড উৎসাহ।উপমহাদেশের অন্যতম ক্রীড়া সংগঠক ও আধুনিক ফুটবলের প্রবর্তক আবাহনী ক্রীড়া চক্রের প্রতিষ্ঠিতা

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

৫ই আগষ্ট স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা এঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালে সাহেবের ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে ফুলের পুষ্পস্তবক অর্পণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা ডিসি সাহিত্য মঞ্চে অবস্থিত মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ক্রীড়া সংগঠক এবং সাংস্কৃতিক ব্যাক্তিত্ব শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী স্বাস্থ্যবিধি মেনে যথাযোগ্য মর্যাদায় প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম।এ সময় তিনি বলেন,
হৃদয়বিদারক ’৭৫ এর ১৫ই আগস্ট:
পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী ১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতা ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার কথা। সে উপলক্ষ্যে ক্যাম্পাসে একটি উৎসবমুখর পরিবেশ চলমান ছিল। শেখ কামাল কয়েকদিন ধরে একটি স্বেচ্ছাসেবক ব্রিগেডের নেতৃত্ব দিচ্ছিলেন। সাধারণ ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই ব্রিগেড ১লা আগস্ট থেকে পুরো বিশ্ববিদ্যালয় এলাকায় পরিস্কার-পরিচ্ছন্নতা মহড়া শুরু করে। ১৪ই আগস্ট নারায়ণগঞ্জ থেকে ঢাকা লেডিস ক্লাবে নাসিম ওসমানের

বিয়ের অনুষ্ঠানে সস্ত্রীক অংশগ্রহণের পর রাতে ক্যাম্পাসে ফিরে আসেন এবং স্বেচ্ছাসেবক ব্রিগ্রেডের সদস্যদের সঙ্গে মত-বিনিময় করেন। তিনি মধ্যরাতে বাসায় যাওয়ার সময় বলে যান- তিনি খুব সকালেই চলে আসবেন। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট ভোররাতে কিছু বিপথগামী সৈন্য বঙ্গবন্ধুর বাসায় আক্রমণ করলে তাদের গুলিতে দু’জন পুলিশ সদস্য আহত হয় এবং আর্তচিৎকার করতে থাকে। এ সময় পরিস্থিতি উপলব্ধি করতে শেখ কামাল দ্বিতীয় তলা থেকে নীচ তলার অভ্যর্থনা কক্ষে পৌঁছামাত্র প্রথমেই তাকে ব্রাশফায়ার করে হত্যা করে। কিছুক্ষণের মধ্যেই বাঙালি জাতির ভাগ্যাকাশে এক মহা-দুর্যোগ নেমে আসে। একে একে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের ১৮জন সদস্যকে নির্মমভাবে হত্যা করে। পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে বীর মুুক্তিযোদ্ধা শহিদ শেখ কামাল রাজধানীর বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত আছেন।

পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ সাদিকুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলম, শিক্ষানবীশ সহকারি পুলিশ সুপার জনাব সাজিদ হোসেন, আবু জিহাদ ফখরুল আলম খান, অফিসার ইনচার্জ চুয়াডাঙ্গা সদর থানাসহ মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।

কুষ্টিয়ায় ৮ কোটি টাকার মাদক ধ্বংস করেছে বিজিবি

কুষ্টিয়া সীমান্তে বিভিন্ন সময়ে উদ্ধার হওয়া ৮ কোটি ৬ লাখ ২১ হাজার টাকা মুল্য মানের বিভিন্ন ধরনের মাদক ধ্বংস করেছে ৪৭ বর্ডারগার্ড ব্যাটালিয়ন(বিজিবি)।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার সময় সেক্টর সদর দপ্তর কুষ্টিয়ার অধিনস্থ ৪৭ ব্যাটালিয়ন কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই মাদক ধ্বংস

করা হয়।ধ্বংসকৃত মাদকের মধ্যে ১৭ হাজার ২শ ৪ বোতল বিদেশী মদ, ৩হাজার ৮শ ২৭ বোতল ফেন্সিডিল, ৩শ৯২ কেজি গাজা, ১০ কেজি ৮শ৯ গ্রাম হিরোইন, ৫৭ হাজার ২শ ২৯ পিস ইয়াবা ট্যাবলেট, ৩ হাজার ৪শ পিস ভায়াগ্রাসহ বিভিন্ন ধরনের মাদক। বিজিবি’র দাবী ধ্বংসকৃত এসব মাদকের আনুমানিক বাজারমুল্য ৮ কোটি ০৬ লাখ ২১ হাজার ৯শ ১০ টাকা।

পরিপূর্ন স্বাস্থ্যবিধি মেনে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাদক ধ্বংসের উদ্বোধন করেন ৪৭ বর্ডারগার্ড ব্যাটালিয়ন কুষ্টিয়ার অধিনায়ক লেঃকর্ণেল গোলাম মোর্শেদ পিএসসি। মাদক সেবন এবং পাচার বন্ধে সকলের সহযোগীতা চেয়ে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বিজিবি অত্যান্ত নিষ্টার সাথে সীমান্তে কাজ করে যাচ্ছে। তাই দুর্গম সীমান্ত অঞ্চলের মাদক পাচার রোধের জন্য আরো বেশি কঠোর হওয়ার জন্য বিজিবি সদস্যদের প্রতি অনুরোধ জানান তিনি।

এসময় কুষ্টিয়া জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরসহ বিভিন্ন সরকারী এবং বেসরকারী দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় স্থানীয় শহীদ দিবসে পতাকা উত্তোলন ফুল দিয়ে শ্রদ্ধা ও আলোচনা সভা

চুয়াডাঙ্গায় স্থানীয় শহীদ দিবসে জাতীয়, কালো ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত ।

চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জগন্নাথপুরে আটকবর ৮ শহীদের স্মৃতিসৌধে জাতীয়, কালো ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন, বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক(সার্বিক) মনিরা পারভীন, সাবেক জেলা মুক্তিযোদ্ধ কমান্ডার নূরুল ইসলাম,বাংলাদেশ জাসদের কেন্দ্রীয় কমিটির স্থায়ী সদস্য দর্শনার জন্য আমরা সংগঠক মো: আনোয়ারুল ইসলাম বাবু প্রমুখ। উল্লেখ্য, ১৯৭১ সালের ৫ আগস্ট এই দিনে পাকবাহিনীর সাথে স্বাধীনতাযুদ্ধ চলাকালে দামুড়হুদার নাটুদহে জেলার ৮ জন মুক্তিযোদ্ধা সম্মুখ সমরে শহীদ হন। সে দিনটিও ছিলে বৃহস্পতিবার।

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের ফোকাল পয়েন্ট হিসেবে নির্বাচিত হলেন ইমরান হোসেন

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (YIGF) বাংলাদেশ জাতিসংঘ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের (UNIGF) সঙ্গে
বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ) এর একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটি একটি বহু-অংশীদার, যুবক এবং যুবমহিলাদের নেতৃত্বাধীন প্ল্যাটফর্ম। যা ইন্টারনেট শাসন-সম্পর্কিত বিষয়গুলি জড়িত।

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম বাংলাদেশ ২০২১ এর গত ৩০-৩১ জুলাই আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয় ফোকাল পয়েন্ট (খুলনা) হিসেবে ইমরান হোসেন নির্বাচিত হয়েছেন। বাংলাদেশে প্রথমবারের মতো অনুষ্ঠানটি আয়োজন করেছে বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ)। এর পৃষ্ঠপোষকতা করেছে আইসিএএনএন, এপনিক, ফেসবুক এবং গুগল। এবিষয়ে

অনুষ্ঠানে ইমরান হোসেন বলেন, তিনি ২০১৪ সাল থেকে খুলনার অনেক

বিভাগীয় শহর থেকে পৌরসভার সহায়তায় একটি বিনামূল্যে ইন্টারনেট প্রকল্প (ফ্রি ওয়াইফাই) শুরু করেছিলেন। এখন তিনি খুলনা বিভাগীয় যুবকদের জন্যই ন্টারনেট ব্যবহার, শাসন এবং কাজ করার আরেকটি সুযোগ পেয়েছেন। তিনি অনুষ্ঠানে ডোমেইন নাম নিবন্ধন প্রক্রিয়া এবং নিরাপত্তা নিয়েও কথা বলেছেন।
তিনি সবার জন্য সহজলভ্য, স্থিতিশীল এবং নিরাপদ ইন্টারনেটের জন্য কাজ করতে চান।

মেহেরপুরে যথাযথ মর্যাদায় শেখ কামালের জন্মবার্ষিকী পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে দিবসটি পালন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বিশেষভাবে তৈরি মঞ্চে শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম প্রথমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুস্পমাল্য অর্পণ করেন। এরপর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান জেলাবাসীর পক্ষে এবং পরে জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, স্বাস্থ্য বিভাগের পক্ষে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মোহাম্মদ নাসির উদ্দীন ,পৌরসভা ও যুবলীগের পক্ষে, মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষে সুপার ডাঃ মোঃ রফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলার পক্ষে উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পুস্পমাল্য অর্পণ করেন। মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও

সিভিল ডিফেন্স, মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর এনজিও সমিতি পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ-আল-আসাদ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, (সার্কেল) অপু সরোয়ার,সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান, ডিবির ওসি জুলফিকার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান গ্রহণ সেখানে উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালে ৭২ তম জন্মদিন পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদার সহিত স্বাস্হবিধি মেনে পালন করা হয়েছে।
উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হয়।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা প্রশাসন,এর পর মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেমের নেতৃত্বে মুজিবনগর থানা পুলিশ,উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ,উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের নেতুত্বে উপজেলা আওয়ামীলীগ,সুশিল সমাজ,বিশিষ্ট ব্যাক্তিবর্গ,সরকারী বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন।শ্রদ্ধাঞ্জলী শেষে জাতির জনকের পরিবারের

মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া করা হয়।
দোয়া মাহফিল শেষে উপজেলা অডিটরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদের দিন ব্যাপি আয়োজনের মধ্য বাদ জোহর মসজিদে মসজিদে কোরান খতম ও দোয়া মাহফিল অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা, উপজেলা যুব উন্নয়ন কর্তৃক গাছের চারা বিতরণ ও ফুটবল খেলার আয়োজন করা হয়েছে।